

“শেখ হাসিনার বারতা
নারী- পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
ক্ষেতলাল, জয়পুরহাট।



Email: uwaokhetlal@gmail.com

স্মারক নং ৩২.০১.৩৮৬১.০০৫.১১.০০১.১৭- ৭১

তারিখঃ ২৪/৬/২০২১ খ্রিঃ

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাত্মক “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ” শীর্ষক কর্মসূচীর আওতায় অত্র ক্ষেতলাল উপজেলায় নিম্ন বর্ণিত ০২ টি ট্রেডে দরিদ্র, সুবিধা বঞ্চিত মহিলাদের বিনামূল্যে আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী মহিলাদের নিকট থেকে প্রশিক্ষণের জন্য online এ আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের বিবরণঃ

ক্রঃ নং	ট্রেড কোর্সের নাম	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	বয়স সীমা	যোগ্যতা
০১	০২	০৩	০৪	০৫	০৬
০১	ফ্যাশন ডিজাইন	০৩ মাস মেয়াদী (৬০ দিন ব্যাপী ৩৬০ ঘন্টা)	২৫ জন	১৬ হতে ৪৫ বছর	দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী
০২	বিউটিফিকেশন	০৩ মাস মেয়াদী (৬০ দিন ব্যাপী ৩৬০ ঘন্টা)	২৫ জন	১৬ হতে ৪৫ বছর	দরিদ্র ও সুবিধা বঞ্চিত নারী

ভর্তি শর্তাবলী :

- প্রশিক্ষণে অংশগ্রহণ করতে ইচ্ছুক অগ্রহী প্রার্থীকে আইজিএ প্রকল্পের ওয়েবসাইট (iga.dwa.gov.bd) এর মাধ্যমে কেবল মাত্র online এ প্রশিক্ষণে ভর্তির জন্য আবেদন করতে হবে। online এ আবেদনের নিয়মাবলী ওয়েবসাইটে দেওয়া আছে। আবেদনের জন্য কোন ফি জমা দিতে হবে না। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ
(ক) অনলাইনে আবেদনপত্র পূরণের তারিখ ও সময় : ২৪/০৮/২০২১ খ্রিঃ সকাল ১০.০০ টা হতে ০৯/০৯/২০২১ খ্রিঃ রাত ১২.০০ পর্যন্ত।
(খ) আবেদন পত্রে প্রার্থী তার রঙ্গীন ছবি (দৈর্ঘ্য ৩০০ ও প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে আপলোড করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ৩০০ KB হতে হবে।
- (গ) আবেদন পত্রের প্রিন্ট কপিতে প্রার্থীর স্বহস্তে স্বাক্ষর পূর্বক ০২(দুই) কপি মূল আবেদনপত্র (রসিদ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে ১০/০৯/২০২১ খ্রিঃ সকাল ১০.০০ টার মধ্যে জমা দিতে হবে। আবেদন পত্রের সাথে জাতীয় পরিচয় পত্র/জন্মনিবন্ধন সনদ ও শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত কপি সংযুক্ত করে জমা দিতে হবে।
- প্রশিক্ষণার্থী বাছাইয়ের সাক্ষাৎকার গ্রহণ এর তারিখ অত্র দপ্তর হতে আগামী ১২/০৯/২০২১ ইং তারিখে জানানো হবে।
- সফল ভাবে প্রশিক্ষণ শেষে প্রত্যেক প্রশিক্ষণার্থীকে প্রতিদিনের হাজিরার জন্য ২০০/- (দুইশত) টাকা করে ৬০ (ষাট) দিনের ভাতা প্রদান করা হবে।
- নির্ধারিত তারিখের মধ্যে online এ আবেদন করা না হলে পরবর্তীতে কোন ক্রমেই আবেদন গ্রহণ করা হবে না।
- বাছাইকৃত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ আগামী ১৫/০৯/২০২১ ইং তারিখ হতে অনুষ্ঠিত হবে।

২৪/৬/২১
(মোহাঃ নওজেশ আরা)
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ক্ষেতলাল, জয়পুরহাট।